মেহেরপুরে জাতীয় পার্টির জরুরী আলোচনা সভা ও ঈদ পূর্ণমিলনী

মঙ্গলবার বেলা ১১টার সময় জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে জাতীয় পার্টির জরুরী আলোচনা সভা ও ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ সুমন পারভেজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আব্দুল হাদী সদস্য সচিব মেহেরপুর জেলা জাতীয় পার্টি। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আব্দুল মান্নান সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ বাবুল হোসেন সভাপতি গাংনী উপজেলা জাতীয় পার্টি, মোঃ আরিফ বিল্লাহ সভাপতি মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি, মোঃ আব্দুর রশিদ সাধারণ সম্পাদক সদর উপজেলা জাতীয় পার্টি, জান মোহাম্মদ মিন্টু সাধারণ সম্পাদক গাংনী উপজেলা জাতীয় পার্টি, ফারুক মল্লিক সাধারণ সম্পাদক মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি, মোঃ মিঠু সাংগঠনিক সম্পাদক সদর উপজেলা জাতীয় পার্টি, মোঃ রুহুল সাংগঠনিক সম্পাদক গাংনী উপজেলা জাতীয় পার্টি, মোঃ কিতাব আলী মাস্টার সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ আব্দুল হামিদ সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ কামরুল ইসলাম সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ কুতুব উদ্দিন সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ নজরুল ইসলাম সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ হাবিবুর রহমান সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি।

এই অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় মোঃ হামিদুল ইসলাম পৌর সাধারণ সম্পাদক মেহেরপুর জেলা জাতীয় পার্টি।

গাংনীতে কৃষকদের মাঝে

কম্বাইন্ড হারভেষ্টার বিতরণ - এমপি সাহিদুজ্জামান

ভর্তূকী মূল্যে কৃষকের মাঝে কম্বাইন্ড হারভেষ্টার মেশিন বিতরণের সময় প্রধান অতিথি’র বক্তব্যে তিনি বলেন, কৃষিতে আধুনিকায়ন ও কৃষকদের স্বল্প খরচে কৃষি পণ্য উৎপাদনে সরকারের নানমুখি পদক্ষেপের মধ্যে কম্বাইন্ড হারভেষ্টার একটি অন্যতম। ফসল কাটা মাড়াইয়ের মুহুর্তে শ্রমিক সংকট কাটিয়ে এবং যথা সময়ে কৃষি পণ্য ঘরে তোলার লক্ষে গাংনী উপজেলায় পর্যায়ক্রমে বিতরণ করা হচ্ছে হারভেস্টার।

স্বল্প খরচ আর স্বল্প সময়ে ফসল ঘরে তুলতে পারছে এমন খুঁশিতে সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছেন কৃষকরা। তবে সরকারের সব সুবিধায় পাচ্ছে মেহেরপুর ও গাংনীবাসী। কৃষকদের উন্নয়নে এবং তাদের চাহিদার প্রতি গুরুত্ব দিয়ে চাহিদা পুরুনে আপ্রাণ চেষ্টা করা হচ্ছে ।

প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কৃষক বাঁচাতে গাংনীর বিভিন্ন মাঠে কৃষক ছাউনি ঘর নির্মাণের উদ্যোগ নিয়েছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। ইতোমধ্যে কয়েকটি কৃষক ছাউনি ঘরের উদ্ধোধন করা হয়েছে। আরো দশটি কৃষক ছাউনি ঘরের কাজ অল্প সময়ের মধ্যে শুরু হবে জানান এ সংসদ সদস্য।

মেহেরপুরের গাংনী উপজেলায় ভর্তূকী মূল্যে কৃষকের মাঝে দ’◌ুটি কম্বাইন্ড হারভেষ্টার মেশিন বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার (২৫ মে) সকালে গাংনী উপজেলা কৃষি অফিসের উদ্দ্যোগে এ আধুনিক ধান কাটার যন্ত্র বিতরণ করা হয়। উপজেলা চত্বরে আয়োজিত হারভেষ্টার মেশিন বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষকের হাতে মেশিনের চাবি তুলে দেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুউদ্দীন আহমেদ, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারসহ বিভিন্ন এলাকার কৃষক ও সরকারী কর্মকর্তা

বৃন্দ ।

২০২০-২১ অর্থ বছরে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সরকারী উন্নয়ন সহায়তায় (ভর্তূকী মূল্যে) উপজেলার ধানখোলা গ্রামের সামসুল হকের ছেলে ফারুক হোসেনকে ও তেতুলবাড়ীয়া গ্রামের ছহির উদ্দীনের ছেলে খাইরুজামানকে ৩০ লক্ষ টাকার মেশিন অর্ধেক মুল্যে প্রদান করা হয়।

গাংনীর ধলার মাঠের পাট ক্ষেত থেকে নারীর গলিত মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা মাঠের একটি পাট ক্ষেত থেকে অজ্ঞাত নারীর গলিত মরদেহ উদ্ধার করা হয়েছে। আজ মঙ্গলবার(২৫ মে) দুপুরে গাংনী থানা পুলিশের একটি দল স্থানীয়দের খবরের ভিত্তিতে মরদেহ উদ্ধার করে মর্গে প্রেরণ করে।
মরদেহের হাত-পা বাঁধা ছিল। কঙ্কালসার মরদেহের কাছ থেকে উদ্ধার হওয়া পোষাক দেখে তাকে নারী বলে শনাক্ত করছে পুলিশ। কৌশলে তাকে ডেকে নিয়ে গিয়ে হত্যা করা হয়েছে বলে পুলিশের প্রাথমিক ধারণা।

পাট ক্ষেতের মালিক বেল্টু জানায়, বেশ কয়েকজন শ্রমিকসহ আমি আমার পাট ক্ষেত আগাছা পরির্ষ্কা করা জন্য সকালে জমিতে আগাছা পরিষ্কার শুরু করি। পরে জমির মাঝখানে পৌছালে পচা গন্ধ বের হলে গিয়ে খুঁজতে খুঁজতে মহিলাদের জামা কাপড় দেখতে পায়। পরে গলিত মরদেহ দেখে গ্রামে খবর দিলে গ্রামবাসীরা পুলিশকে সংবাদ দেন।

গাংনী থানার পরিদর্শক তদন্ত সাজেদুল ইসলাম মরদেহ উদ্ধারের পরে জানান, রাধাগোবিন্দপুর ধলা গ্রামের কৃষক বেল্টু মিয়া আজ দুপুরের দিকে খেতে গিয়ে লাশের গন্ধ পেয়ে মাঠের কৃষকদের সাথে নিয়ে মরদেহের সন্ধান পায়। গলিত মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। নিহতের পরিচয় ও হত্যাকাণ্ডের সাথে জড়িতদের খুঁজে বের করার চেষ্টা করছে পুলিশ।

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে সেচ্ছাসেবক লীগ নেতার হামলায় ইউপি চেয়ারম্যানসহ আহত-৩ আটক-২

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আ.লীগ নেতা ও ইউপি চেয়ারম্যান আব্দুল মতিনকে হাতুড়ি পেটা করে গুরতর আহত করেছে স্থানীয় উপজেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন-আহ্বায়ক জাকির হাসান লিমন ও তার সহযোগীরা। এঘটনায় চেয়ারম্যানের ছেলে সহ ৩জন আহত হয়েছে। স্থানীয়রা তাদের উদ্ধার করে প্রথমে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। পরে চেয়ারম্যানের অবস্থার অবনতি হওয়ায় তাকে যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এঘটনায় পুলিশ অভিযান চালিয়ে লিমন হোসেন ও জাহাঙ্গীর আলম নামে দুইজনকে আটক করে। সোমবার দুপুরে শহরের মেইন বাসষ্টান্ড এলাকায় এ ঘটনা ঘটে।

জানাযায়, বলুহর ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন সম্প্রতি গ্রামের একটি হেরিং রাস্তার কাজ শুরু করে। ওই রাস্তার ছবি উঠিয়ে উপজেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক লিমন তার ফেসবুক আইডিতে অশালীন মন্তব্য করে। সেটি দেখার পর বলুহর বাসষ্ট্যান্ডে চেয়ারম্যানের ছেলে হৃদয় আহম্মেদের সাথে লিমনের বাকবিতন্ডা হয়। এসময় লিমন তার সহযোগী জাহাঙ্গীর আলম ও তার দলবল নিয়ে দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে মেইন বাসষ্টান্ড এলাকায় চেয়ারম্যানের ছেলে হৃদয় হোসেনের উপর অতর্কিত হামলা চালিয়ে হৃদয়কে পিটিয়ে আহত করে। দাপ্তরিক কাজে ব্যস্ত থাকা চেয়ারম্যান আব্দুল মতিন খবর পেয়ে ঘটনাস্থলে গেলে তারা চেয়ারম্যানের উপর হামলা চালিয়ে এলোপাতাড়ি হাতুড়ি পেটা করে চেয়ারম্যান মতিনের মাথা ফাটিয়ে দেয়। এসময় চেয়ারম্যানের লোকজন জাহাঙ্গীর নামে লিমনের এক সহযোগীকে পিটিয়ে আহত করে। এঘটনায় উভয় পক্ষে ৩জন আহত হয়। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর হাসপাতালে ভর্তি করে। প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর জাহাঙ্গীর আলমকে পুলিশ আটক করে থানায় নিয়ে যায়। ঘটনার বিষয়ে নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার ওসি মঈন উদ্দীন। ওসি জানান, চেয়ারম্যানের উপর হামলার ঘটনায় মামলা প্রস্তুতি চলছে। জিজ্ঞাসাবাদের জন্য দুজনকে আটক করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।
এবিষয়ে সাবেক এমপি নবী নেওয়াজ অভিযোগ করে জানান,আধিপত্য বিস্তার করাকে কেন্দ্র করে এমপি শফিকুল আজম খাঁন চঞ্চলের নির্দেশেই এঘটনা

ঘটানো হয়েছে। এব্যাপারে এমপি চঞ্চল জানান,আমি কাউকে নির্দেশ দেয়নি। লিমনের পিতা লুৎফর রহমান উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি। যারা মারধোর করেছে তারা আ.লীগ করে। তারা আমার লোক বা আমার নির্দেশে মারধোর করবে কেন। এটা মিথ্যা প্রচার করা হচ্ছে। এদিকে চেয়ারম্যানের উপর হামলার ঘটনায় নিন্দা জানিয়েছেন উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান,নওশের আলী নাসির সহ স্থানীয় আ.লীগ নেতারা।

মুফতি আমীর হামজাকে সাদা পোষাকে প্রশাসনের পরিচয়ে আটক!

মুফতি আমীর হামজাকে সাদা পোষাকে প্রশাসনের পরিচয়ে তাঁর কুষ্টিয়ার সদরের ডাবিরাভিটার নিজ বাড়ী থেকে তুলে নিয়ে গেছে।

সোমবার বিকাল ৫টার দিকে আমির হামজা তাঁর নিজ বাড়িতে গেলে তাকে নিয়ে যাওয়া হয় বলে তাঁর পারিবারিক সূত্রে জানানো হয়।

মুফতি আমির হামজার দাদা জান মোহাম্মদ জানান, আমির হামজা আজকেই বাড়িতে তাঁর মা-বাবার সাথে দেখা করতে এসেছিল। সে সময় প্রশাসনের পরিচয়ে তাকে তুলে নিয়ে গেছে। মুফতি আমির হামজা কুষ্টিয়া সদর উপজেলার পাটিকাবাড়ী ইউনিয়নের রিয়াজ সর্দারের ছেলে। কয়েকদিন ধরে বিভিন্ন মাধ্যমে তাকে পালিয়ে বেড়ানোর খবর প্রচার করেন। তবে তিনি সে বক্তব্য প্রত্যাক্ষান করে বিবৃতিও দেন। আমির হামজা বলেছিলেন আমি চোর নয় যে পালিয়ে বেড়াবো। এরই মধ্যে যশোর প্রোগাম শেষ করে বাড়িতে আসলে তাকে আটক করা হয়।

মেহেরপুর শহরে করোনায় আক্রান্ত এক বৃদ্ধার মৃত্যু

মেহেরপুর শহরের কাসারিপাড়া নিবাসি মরহুম সাহাবাজ হোসেন লিজ্জু ও ঠিকাদার সালেহ উদ্দিন আবলুর মাতা এবং জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফুয়ান আহমেদ রুপকের দাদি রাবেয়া বেগম (৮০) করোনা আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন।

আজ সোমবার বিকাল ৪টার সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি গত শনিবার করোনায় আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

মরহুমান পারিবারিক সূত্রে জানা গেছে, আজ সোমবার বাদ এশা মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে কলেজ মোড়ের পৌর কবরস্থানে দাফন করা হবে।

ফল রক্ষার নামে পাখি শিকার

মেহেরপুরের বিভিন্ন স্থানে মৌসূমি ফল লিচুর রক্ষার নামে কারেন্ট জালের ব্যবহার বেড়েছে। এতে করে বিভিন্ন প্রজাতির পাখি ওই জালে আটকা পড়ে মারা যাচ্ছে। স্থানীয় বন বিভাগের নীরবতায় বাগান মালিক ও ব্যবসায়িরা অবাধে পাখি শিকার করছে বলে মতামত ব্যক্ত করেছেন অনেকে। তবে উপজেলা প্রশাসন বলছেন, বিষয়টি দেখে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলার বিভিন্ন স্থানে ঘুরে দেখা গেছে, লিচু গাছের উপরে কারেন্ট জাল বিছিয়ে রাখা হয়েছে। কোথাও কোথাও গোটা লিচু বাগানের চারিদিক কারেন্ট জাল টাঙানো আছে। বিভিন্ন বাগানে টাঙানো জালে জীবিত ও মৃত পাখি ঝুলছে। আবার কোথাও কোথাও পড়ে আছে পাখির মৃত দেহ। কোন কোন বাগান মালিক পাখি শিকার করে তার মাংস খান।

মুশফিকের জন্য আফসোস পাপনের

শ্রীলংকার বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথমটিতে দুর্দান্ত নেপুণ্য দেখিয়েছেন মি. ডিপেন্ডেবলখ্যাত মুশফিকুর রহিম।

চার নম্বরে ব্যাট করতে নেমে খেলেছেন ৮৭ বলে ৮৪ রানের ঝলমলে ইনিংস।

তবু মুশফিকের জন্য খারাপ লাগছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) প্রধান নাজমুল হাসান পাপনের।

মাত্র ১৬ রানের জন্য সেঞ্চুরি মিস করেছেন এই উইকেটকিপার ব্যাটসম্যান। সে জন্য আফসোস হচ্ছে বিসিবিপ্রধানের।

রোববার বাংলাদেশের ইনিংস শেষে গণমাধ্যমের সামনে কথা বলেন নাজমুল হাসান পাপন। সেখানে তামিম ও মুশফিককে নিয়ে আফসোস প্রকাশ করেন।

বিসিবিপ্রধান বলেন, তামিম, মুশফিক, রিয়াদ, সাকিব— যারা সিনিয়র ক্রিকেটার, এদের নিয়ে এখন মন্তব্য করতে চাই না। তবে মুশফিক অসাধারণ ইনিংস খেলেছে আজকে (রোববার)। মুশফিক অসাধারণ খেলোয়াড়ও। তামিম, রিয়াদ, মুশফিক এবং সাকিব তো অসাধারণ খেলোয়াড়ই আমাদের, আমরা সেটি অস্বীকার করছি না। তারা আমাদের দলের সেরা ব্যাটসম্যান।

তবে মুশফিকের জন্য খারাপ লাগে যে একটি নিশ্চিত সেঞ্চুরি হাতছাড়া হয়ে গেল। কারণ ৮৪ রান করে রিভার্স সুইপ করেছে ও। আর এই শটটা ও (মুশফিক) খুব ভালো খেলে। ওর পছন্দের শট এটা। আর ওই শটের আউট হলো সে। ওই সময় একটা প্লেয়ারের কেমন কষ্ট লাগে সেটি ওই ভালো বলতে পারবে। কিন্তু মুশফিকের জন্য আফসোস হচ্ছে। আসলে তামিম ও মুশফিক দুজনের জন্যই আফসোস হচ্ছে। কারণ এখানে একটা সেঞ্চুরি করার সুযোগ ছিল।

৮৪ রানের মাথায় এমন আউট হয়ে আফসোস-আক্ষেপ অবশ্য মুশফিকেরও হয়েছে। সেঞ্চুরি না পাওয়ার আক্ষেপ যে কতটা পুড়িয়েছে মুশফিককে সেটি আউট হওয়ার পরই তার বডি ল্যাঙ্গুয়েজেই বোঝা গেছে।

গতকাল ৪৩ রানে ২ উইকেট পড়ে যাওয়ার পর ক্রিজে নেমে হাসারাঙ্গা,

উদানা, ধনঞ্জয়া, সান্দাকানকে বেশ ভালো খেলছিলেন মুশফিক। একটা সময় সেঞ্চুরির আশা উঁকি দিলেও সান্দাকানের বলে রিভার্স সুইপ করতে গিয়ে ৮৪ রানেই উদানার হাতে ক্যাচ তুলে দেন তিনি।

গাংনীতে প্রতারণা চক্রের চার সদস্য গ্রেফতার

সুন্দরী নারী দিয়ে মোবাইল ফোনে প্রেমের ফাঁদে ফেলে স্বর্বশান্ত করা একটি চক্রের এক নারীসহ চারজনকে গ্রেপ্তার করেছে মেহেরপুরের গাংনী থানা পুলিশ।

রবিবার দিবাগত রাতে বামন্দী বাজার থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এসময় উদ্ধার করে থানায় নেয়া হয় প্রতারণার স্বীকার এক ব্যবসায়িকে। এ ঘটনায় উদ্ধার হওয়া ওই ব্যবসায়ি বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন।

গ্রেপ্তারকৃতরা হচ্ছেন- বামন্দী বাজারের রতন লালের মেয়ে জোসনা রানী ও তার ভাই মেঘলাল, নজরুলের ছেলে মফিজুল ইসলাম ও আব্দুর রবের ছেলে মকলেছুর রহমান। দীর্ঘদিন এরা মোবাইল ফোনে প্রেমের ফাঁদ পেতে যুবক ও ব্যবসায়িদের ডেকে নিয়ে ভিডিও করা ছাড়াও ব্লাক মেইল করার ভয় দেখিয়ে মোটা অংকের টাকা আদায় করতেন।

পুলিশ জানায়,জোসনা রানীকে দিয়ে এ চক্রের সদস্যরা মোবাইল ফোনে বিভিন্ন ব্যবসায়ি ও যুবকদের সাথে সখ্যতা গড়ে তোলে কৌশলে ডেকে নিতো। পরে স্থানীয় যুবকরা তাকে একটি ঘরে আটক রেখে মোটা অংকের টাকা আদায় করতো। কয়েকদিন আগে মেহেরপুরের আহসান আলী নামের এক ব্যবসায়ি সাথে মোবাইল ফোনে পরিচয় হয় জোসনার। রোববার দুপুরে তাকে কৌশলে ডেকে নিয়ে একটি ঘরে আটক রেখে মোবাইল ফোনে ভিডিও ধারণ করে জোসনা ও তার সঙ্গীরা। এসময় তার কাছ থেকে ১২ হাজার টাকা ছিনিয়ে নেয় এবং পাঁচ লাখ টাকা দাবী করে। বিষয়টি জানতে পেরে গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে ওই ব্যবসায়িকে উদ্ধার করে এবং প্রতারক চক্রের চারজনকে গ্রেপ্তার করে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ওই নারীর বিরুদ্ধে অনৈতিক এবং সামাজিক অবক্ষয় সৃষ্টির অভিযোগে নরসিংদী জেলায় দায়ের করা দুটি মামলায় গ্রেফতারী পরোয়ানা রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে।